গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**শরণখোলা সরকারি ডিগ্রি কলেজ**
শরণখোলা, বাগেরহাট।
e-mail : shorankholacollege78@gmail.com, website : www.sgdc.edu.bd

EIIN : 115263, NU : 0109, BTEB : 36030
মোবাইল নম্বর ঃ ০১৩০৯-১১৫২৬৩, ০১৭৮৮-৯০২৫৫৮

স্মারক নং-শসডিক/২০২৩/

তারিখ ঃ ১৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
৩১ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

# ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক পর্যায়ে উপবৃত্তির আবেদন সংক্রান্ত নোটিশ

এতদ্বারা শরণখোলা সরকারি ডিগ্রি কলেজের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট-এর আওতায় অতি দরিদ্র শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থী নির্বাচনের লক্ষ্যে উপবৃত্তি ফরম বিতরণ করা হবে। আগ্রহী দরিদ্র শিক্ষার্থীদের উক্ত ফরম উপবৃত্তির কমিটি/অত্র কলেজের অফিস থেকে সংগ্রহ করে যথাযথ ভাবে ফরমপূরণ পূর্বক ০১-১১-২০২৩ খ্রিঃ বুধবার থেকে ২০-১১-২০২৩ খ্রিঃ সোমবার-এর মধ্যে (সরকারি ছুটি দিন ব্যতিত) অফিস চলাকালীন উপবৃত্তির কমিটি/অত্র কলেজের অফিসে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হল।

**[বিঃদ্রঃ-আবেদনপত্র ভুল ও কাগজপত্র অসম্পূর্ণ থাকলে তা বাতিল বলে বিবেচিত হবে।]**

***প্রয়োজনীয় তথ্যাদি/আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে ঃ**

১। শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ছবি-১ কপি।
২। আবেদনকারীর (অনলাইন) জন্মনিবন্ধন সনদ-এর ফটোকপি (১৭ ডিজিট)-১ কপি।
৩। আবেদনকারীর এসএসসি/সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট (মার্কসীট)-এর ফটোকপি-১ কপি।
৪। আবেদনকারীর পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ ডিজিট)-১ কপি।
৫। পিতা/মাতার অনুপস্থিতে আইনানুগ অভিভাবকের জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ ডিজিট)-১ কপি।
৬। শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয় পত্র ব্যবহারে করে খোলা/সচল অনলাইন ব্যাংক একাউন্ট (রাউটিং নম্বরসহ) অথবা মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর আবেদনে সংযুক্ত করতে হবে।
৭। মোবাইল একাউন্ট নম্বর/ব্যাংকিং একাউন্ট নম্বর পূর্বে অন্য কোন ভাই/বোন কিংবা বিশেষ কোন ভাতা পাওয়ার ক্ষেত্রে ব্যবহৃত হয়েছে ঐ নম্বরে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না, তাদের ক্ষেত্রে নতুন সিমে একাউন্ট খুলতে হবে।
৮। পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয় পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে পিতার নাম উল্লেখ করতে হবে। অভিভাবক হিসেবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয় পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে মাতার নাম উল্লেখ করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে আইনানুগ অভিভাবক হিসেবে নির্বাচিত করলে তার জাতীয় পরিচয় পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে তার নাম উল্লেখ করতে হবে।
৯। সরকারি অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা পেয়ে থাকলে উক্ত শিক্ষার্থী আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।
১০। আবেদনকারী শারীরিক প্রতিবন্ধি/দীর্ঘস্থায়ী রোগের জন্য ঔষধের ওপর নির্ভরশীল কিনা তার প্রমান পত্রের ফটোকপি-১ কপি।
১১। আবেদনকারীর পরিবারের মধ্যে কোন সদস্য মুক্তিযোদ্ধা, প্রতিবন্ধি, অসুস্থ ও মানসিক রোগি থাকলে তার প্রমান পত্রের ফটোকপি-১ কপি।
১২। আবেদনকারীর পরিবারের মধ্যে ভিজিডি কার্ড, ভিজিএফ কার্ড, বয়স্ক ভাতা কার্ড, বিধবা ভাতার কার্ড ও স্বামী পরিত্যক্তা কার্ডধারী থাকলে তার প্রমাণ পত্রের ফটোকপি-১ কপি।

**ধন্যবাদান্তে**

**(মোঃ নূরুল আলম ফকির)**
**অধ্যক্ষ**
**ইনডেক্স নং-৪১৭৬৮৫**
**শরণখোলা সরকারি ডিগ্রি কলেজ**
**শরণখোলা, বাগেরহাট।**
**মোবাইল নম্বর ঃ ০১৭১৩-১৬৯৩২১**

F:\COLLEGE ALL DATA\Notice\Online Notice.doc